গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(সংস্থাপন শাখা)
www.dcjhalakati.gov.bd

নম্বর : ০৫.১০.৪২০০.০০৬.০৭.০০৪.২৬.৩০৭

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষ এর ২০ জুলাই, ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০১.২৩-৫৫ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি ও অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝালকাঠি জেলার আওতাধীন স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র অনলাইনে (https://dcjhalakathi.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম এবং বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা (শিক্ষাগত ও অন্যান্য) [জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুযায়ী] |
|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন গ্রেড : ১৬<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধির তফশিল- ২,৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | নিরাপত্তা প্রহরী<br>বেতন গ্রেড : ২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে;<br>(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধির তফশিল- ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট = | ০২ (দুই) টি | |

**আবেদনের সাধারণ শর্তাবলী:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না। বিবাহিতা মহিলা প্রার্থীগণকে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করে আবেদন করতে হবে।

২. সকল পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীর **বয়স ২২/১০/২০২৬খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে** হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের/নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. সকল পদের নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। একজন প্রার্থী একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল পদের আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৭. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধি শাখার ০৫ মে, ২০২৪ তারিখের প্রজ্ঞাপনমূলে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত) অনুসরণ করা হবে।

৮. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রের মূল কপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে [সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ]:

(ক) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-০২ (দুই) কপি।

(খ) প্রার্থীর আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ)।

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখসহ নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র।

(ঙ) ডাউনলোডকৃত প্রবেশপত্র (ADMIT CARD) ও আবেদন পত্রের (APPLICANT'S COPY) রঙিন প্রিন্ট কপি।

(চ) বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র-নৃগোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১০. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হওয়ার পরেও কোন প্রার্থী কর্তৃক তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয় বা দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলকরণসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/ সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. পদসংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. <u>অনলাইনে আবেদন ফরমপূরণ ও দাখিল সংক্রান্ত নিয়মাবলী এবং শর্তাবলী:</u>

**(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcjhalakathi.teletalk.com.bd-এ ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পুরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শুরুর তারিখ ও সময় : ২৩/০৯/২০২৬খ্রি. তারিখ সকাল ০৯:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২২/১০/২০২৬খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা।

**উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিতে পারবেন।**

(খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০ x প্রস্থ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) প্রার্থী Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalkpre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ওTeletalk এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা **এবং** নিরাপত্তা প্রহরী পদে ও **অনগ্রসর নাগরিকদের জন্য উভয় পদের পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit **করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**"

**প্রথম SMS :** DCJHALAKATHI<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
[Example : DCJHALAKATHI<Space>ABCDEF & Send To 16222]

**দ্বিতীয় SMS :** DCJHALAKATHI<Space>Yes<Space>Pin লিখে 16222 নম্বরে Send করতে হবে।
[Example : DCJHALAKATHI<Space>Yes<Space>12345678 & Send To 16222]

**(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি** https://dcjhalakathi.teletalk.com.bd**ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে** পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম (ভেন্যু) ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থীকে প্রিন্ট করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।**

**(জ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।**

(i) User ID জানা থাকলে : DCJHALAKATHI<Space>Help<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। [Example : DCJHALAKATHI<Space>Help<Space>User ID & Send To 16222]

(ii) PIN Number জানা থাকলে : DCJHALAKATHI<Space>Help<Space>Password লিখে 16222 নম্বরে Send করতে হবে।
[Example : DCJHALAKATHI<Space>Help<Space>Password& Send To 16222]

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এর ওয়েবসাইট www.jhalakati.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.jhalakati.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject-এOrganizationName:DCJHALAKATHI, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করার জন্য অনুরোধ করা হলো।

২১/০৯/২০২৬

মোঃ মমিন উদ্দিন
জেলা প্রশাসক
ঝালকাঠি।
ফোন: ০২৪৭৮৮৭৫৩০০ (অফিস)
dcjhalokati@mopa.gov.bd

নম্বর : ০৫.১০.৪২০০.০০৬.০৭.০০৪.২৬.৩০৭(১০)

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/ নলছিটি/ রাজাপুর/ কাঠালিয়া (বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঝালকাঠি।
৭. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি (তাকে বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলার প্রতি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯. সম্পাদক, ..............................................................তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২২/০৯/২০২৬ তারিখ ০১ (এক) দিনের জন্য তার পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ৩ কলামে একবার প্রকাশ করত: প্রকাশিত পত্রিকার ৩ (তিন) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস নথি।

২১/৯/২৬

জেলা প্রশাসক
ঝালকাঠি।